The Bell Foundation

# ইংলিশ শিক্ষা ব্যবস্থা সম্পর্কে: সেকেন্ডারি (মাধ্যমিক) স্কুল

## ইংলিশকে অতিরিক্ত ভাষা হিসাবে (EAL) ব্যবহারকারী শিশুদের পিতামাতার জন্য নির্দেশিকা




### এই নির্দেশিকাতে কী অন্তর্ভুক্ত আছে?

এখানে আপনি ইংলিশ শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বুঝতে ও আপনার সন্তানের জন্য স্কুলে একটি জায়গা খুঁজে পেতে সহায়তার জন্য ব্যবহারোপযোগী তথ্য পেতে পারেন।

ইংল্যান্ডে বিভিন্ন প্রকারের স্কুল রয়েছে, যার মধ্যে কিছু কিছু স্কুলের ক্ষেত্রে পিতামাতাকে অর্থ প্রদান করতে হয় (অর্থাৎ *ফি-প্রদান যোগ্য/স্বতন্ত্র/বেসরকারি স্কুল*)।

এই নির্দেশিকাটি আপনাকে সেসব ইংলিশ স্কুলের বিষয়ে জানাবে যেখানে আপনাকে অর্থ প্রদান করতে হবে না (অর্থাৎ, *রাষ্ট্রীয় স্কুল*)। রাষ্ট্র পরিচালিত বিভিন্ন ধরণের স্কুলের মধ্যে রয়েছে:

- লোকাল অথরিটি (এলএ) স্কুল—স্থানীয় সরকারের অর্থায়নে পরিচালিত
- *একাডেমি* ও *ফ্রি স্কুল* —কেন্দ্রীয় সরকারের অর্থায়নে পরিচালিত, প্রায়শই কোন ট্রাস্টের অংশ হয়ে থাকে
- ফেইথ স্কুল—কোন নির্দিষ্ট ধর্মের সাথে সম্পর্কিত

ঘরে রেখেও আপনার সন্তানের শিক্ষার ব্যবস্থা করাকে বেছে নিতে পারেন, খণ্ডকালীন বা পূর্ণকালীন। এটাকে বলা হয় *গৃহে শিক্ষাদান* (বা ঐচ্ছিক গৃহশিক্ষা বা *হোম স্কুলিং*)। এখানে আরও জেনে নিন:
**https://www.gov.uk/home-education**




## 1. আমার সন্তানের জন্য কীভাবে স্কুলে স্থান খুঁজে নিতে পারি?

আপনার সন্তানের বয়স ৫ থেকে ১৬ বছর হলে, তার জন্য কোনও স্কুলে স্থান খুঁজতে স্থানীয় কাউন্সিলে (স্থানীয় কর্তৃপক্ষ বা এলএ-ও বলা হয়) যোগাযোগ করুন

- আপনার সন্তানের বয়স 5 থেকে 16 বছর হলে স্থানীয় কাউন্সিলকে অবশ্যই তার জন্য স্থানীয় একটি স্কুলে স্থান খুঁজে পেতে হবে
- স্কুলে ভর্তি সম্পর্কে আরও তথ্য আপনি এখানে পেতে পারেন: **https://www.gov.uk/schools-admissions**

### আপনার পছন্দের স্কুলটি বেছে নিতে সহায়তার জন্য এখানে কিছু ধারণা দেওয়া হলো:

- ওপেন ইভিনিং চলাকালে স্কুলটি দেখে আসুন. স্কুলের ওয়েবসাইটে এসবের বিজ্ঞাপন দেওয়া হবে।
- তাদের সাম্প্রতিক অফস্টেড (Ofsted) পরিদর্শন প্রতিবেদনটি পড়ুন: **https://reports.ofsted.gov.uk/**
- স্কুলটির সামগ্রিক নৈপুণ্য পরীক্ষা করে দেখুন: **https://www.compare-school-performance.service.gov.uk/**
- অন্যান্য পিতামাতার কাছে জেনে নিন স্কুল সম্পর্কে তাদের ধারণা কী
- তাদের স্কুলের ওয়েবসাইট দেখুন
- খোঁজ করে দেখুন কোন কোন স্কুল স্ব স্ব-ভাষায় জিসিএসই পরীক্ষার শিক্ষার্থী ভর্তি করে (আরও তথ্যের জন্য নিচে বিভাগ 5 দেখুন)

### আপনি কোন কোন স্কুল পছন্দ করছেন তা জানার পর, আপনাকে যা করতে হবে:

- আপনার পছন্দের কয়েকটি স্কুলের নাম উল্লেখ করে অনলাইনে আবেদন ফর্ম পূরণ করুন
- স্কুলে আবেদনের প্রক্রিয়াটি জটিল হতে পারে, তাই আপনার স্থানীয় কাউন্সিলের স্কুল অ্যাডমিশন টিম এর কাছে সহায়তা চান
- কাউন্সিলকে জিজ্ঞাসা করুন, আপনাকে সাহায্য করতে পারে এমন কোন ব্যক্তি, কমিউনিটি গোষ্ঠী বা দোভাষী আছে কিনা

## 2. আমার সন্তান কোন বয়সে সেকেন্ডারি স্কুল শুরু করবে?

ইংল্যান্ডে শিশুরা তাদের 11তম জন্মদিনের অব্যাবহিত পরের সেপ্টেম্বরে সেকেন্ডারি স্কুল শুরু করে। সেকেন্ডারি স্কুল শিক্ষাবর্ষ ইয়ার 7-এ শুরু হয় (ইয়ার 1-6 প্রাইমারি স্কুল) এবং ইয়ার 11তে গিয়ে শেষ হয়।

শিক্ষাবর্ষ সর্বদা সেপ্টেম্বরে শুরু হয় এবং সাধারণত জুলাইয়ে শেষ হয়। এটি সাধারণত প্রায় 13 সপ্তাহের তিনটি সময়কালে বিভক্ত থাকে।

তরুণ শিক্ষার্থীরা জুনের শেষ শুক্রবারে স্কুল ছেড়ে যেতে পারে যদি তাদের বয়স আগষ্টের শেষে 16 পূর্ণ হয়। তবে, 16 থেকে 18 বছর বয়সী তরুণদের অবশ্যই শিক্ষায়, প্রশিক্ষণে বা শিক্ষানবিশ হিসাবে থাকতে হবে।


কাপিরাইট © The Bell Educational Trust Limited (The Bell Foundation হিসেবে কার্যরত) 2020 অক্টোবর

## 3. আমি স্কুলের শিক্ষাবর্ষ ও ছুটির তারিখগুলি কীভাবে জানব?

ইংল্যান্ডে স্কুলের শিক্ষাবর্ষ ও ছুটির তারিখ স্থানভেদে ভিন্ন হয়ে থাকে।

অবশ্য, স্কুলে ছুটি থাকে সাধারণত ডিসেম্বরের শেষে ও জানুয়ারির শুরুতে (ক্রিসমাস ও নতুন বছর); মার্চ/এপ্রিল (ইস্টার কখন পড়বে তার উপর নির্ভর করে) এবং আগস্ট মাসে। এছাড়া, বেশিরভাগ স্কুলে তিনটি টার্ম চলাকালে প্রত্যেকটির মাঝামাঝি সময়ে হাফ-টার্ম ছুটি থাকবে। প্রতিটি স্কুল তাদের নিজস্ব ছুটির দিনগুলি চিহ্নিত করে স্কুল ক্যালেন্ডার প্রকাশ করবে।

অনেক স্কুলে প্রতিবছর 5টি INSET ((ইন সার্ভিস ট্রেনিং) দিন থাকেযখন শিক্ষকরা প্রশিক্ষণ ও বিভিন্ন সভায় যোগ দেবেন। INSET এর সময় শিক্ষার্থীদের স্কুলে যেতে হয় না। স্কুলগুলি প্রতি বছর তাদের INSET দিনগুলি সম্পর্কে পিতামাতাকে অবহিত করবে।

টার্ম ও ছুটির সঠিক তারিখগুলি জানতে স্কুলের সাথে কথা বলুন বা এই ওয়েবসাইট দেখুন:

**https://www.gov.uk/school-term-holiday-dates**

## 4. আমি স্কুল থেকে কী আশা করতে পারি?

অধিকাংশ স্কুল তাদের নিজস্ব স্কুল প্রসপেক্টাস প্রকাশ করে, এটি একটি পুস্তিকা যা স্কুলটি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। এছাড়াও, স্কুলের ওয়েবসাইটে স্কুলটি সম্পর্কে সর্বশেষ তথ্য ও সংবাদ থাকবে। প্রয়োজন হলে তথ্যাদি অনুবাদ করতে সহায়তার জন্য স্কুলকে বলুন।

আপনার সন্তানের জন্য, এখানে থাকবে:

- অবস্থান্তরের (ট্রানজিশন) দিনগুলি; ইয়ার 6-এর শিক্ষার্থীরা তাদের নতুন সেকেন্ডারি স্কুলটি কেমন হবে দেখার জন্য এক বা দুই দিন কাটানোর সুযোগ পাবে।
- আপনার সন্তানকে নতুন স্কুলে ভালভাবে জীবন শুরু করতে সহায়তার জন্য ইন্ডাকশন বা সূচনা কর্মসূচী। আপনার সন্তান যদি সম্প্রতি এই দেশে বা এই অঞ্চলে এসে থাকে, কিংবা বছরের ভিন্ন কোন সময়ে (অর্থাৎ সেপ্টেম্বরে নয়) স্কুল শুরু করে সেক্ষেত্রে এই কর্মসূচীতে তার জন্য বিশেষ ব্যবস্থা থাকতে পারে।
- প্রায় 30 জন, সাধারণত একই বয়সের, শিক্ষার্থীর একটি ফর্ম ক্লাসে স্থান পাওয়া। প্রতিটি ফর্মে সাধারণত তাদের নিজস্ব ফর্ম টিউটর থাকে।
- পাঠদানের একটি নিয়মিত সময়সূচি প্রতিটি পাঠ সংশ্লিষ্ট বিষয়ের একজন বিশেষজ্ঞ দ্বারা শেখানো হবে।
- একটি সম্পূর্ণ পাঠ্যক্রমে প্রবেশাধিকার—আরও তথ্যের জন্য নীচে দেখুন
- সবাইকে অন্তর্ভুক্ত করে এমন পন্থা যেখানে সকল শিশু ন্যায্য আচরণ পায়
- পাঠ্যক্রমের সাথে সংযুক্ত নিয়মিত বাড়ির কাজ



## আমার সন্তান স্কুলে আর কী কী করবে?

আপনার সন্তান পাঠ্যক্রমের অতিরিক্ত কর্মকাণ্ডসমূহে, স্কুল আয়োজিত ভ্রমণে ও অন্যান্য অনুষ্ঠানে অংশ নিতে পারবে। এতে অন্তর্ভুক্ত থাকতে পারে:



- ধর্মীয় সমাবেশ ও সম্মিলিত উপাসনার সুবিধা। আরও তথ্যের জন্য আপনার স্কুলকে বলুন।
- পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ড ও ক্লাব, যেমন, খেলাধুলা, সঙ্গীত ও নাটক। এগুলো বাধ্যতামূলক নয় এবং দুপুরের খাবারের সময়ে হতে পারে কিংবা স্কুল শেষ হওয়ার পরে। কোন কোন ক্লাবের জন্য সামান্য খরচ করা লাগতে পারে।
- স্কুলের ট্রিপগুলি শিক্ষকরা সাবধানতার সাথে আয়োজন করেন তাই ছেলেমেয়েরা সর্বদা নিরাপদ থাকে। সাধারণত এসব ভ্রমনে অর্থপ্রদান করতে হয়, তবে প্রয়োজন হলে স্কুলগুলি প্রায়শই এজন্য সহায়তা করতে সক্ষম হয়। স্কুলের ট্রিপগুলি শিক্ষকরা সাবধানতার সাথে আয়োজন করেন, তাই ছেলেমেয়েরা সর্বদা নিরাপদ থাকে। কোন কোন ট্রিপ জিসিএসই কোর্সের আবশ্যকীয় অংশ, উদাহরণস্বরূপ, জিসিএসই ড্রামা কোর্সের জন্য শিক্ষার্থীদেরকে থিয়েটারে গিয়ে নাটক দেখতে হয়।



- নাটক পরিবেশনা ও সঙ্গীতানুষ্ঠান সহ স্কুলের প্রযোজনাসমূহ
- বিভিন্ন সামাজিক ও তহবিল সংগ্রহের অনুষ্ঠান যেমন ক্রীড়া দিবস, গ্রীষ্মকালীন ও ক্রিসমাস মেলা, ডিস্কো ও কুইজ। আপনি যদি আপনার সন্তানের স্কুলে আরও বেশী সম্পৃক্ত হতে চান, উদাহরণস্বরূপ স্বেচ্ছাসেবা দেওয়া বা প্যারেন্ট গভর্নরের দায়িত্ব পালন করা, সেক্ষেত্রে স্কুলের সাথে কথা বলুন। সেখানে আপনি স্কুলটি কতটা কার্যকর হতে পারে সেটা নিশ্চিত করার জন্য নেতৃত্বপ্রদানকারী দলকে সহায়তা করতে পারেন।
- কর্মক্ষেত্রে একটি সপ্তাহ কাটিয়ে কাজের অভিজ্ঞতা লাভ সাধারণত ইয়ার 10-এর তরুণদের জন্য একটি সুযোগ। আরো তথ্যের জন্য নিচে ক্যারিয়ার (পেশা/বৃত্তি) বিভাগটি দেখুন।

## স্কুলে কী হচ্ছে তা আমি কীভাবে জানব?

স্কুল আপনার সাথে নিয়মিতভাবে যোগাযোগ করবে। স্কুলগুলি বিভিন্ন ধরণের যোগাযোগ মাধ্যম ব্যবহার করবে, যার মধ্যে রয়েছে:



- স্কুলের ওয়েবসাইট: স্কুল তাদের ওয়েবসাইটে বিভিন্ন তথ্য জানাবে। ছুটির দিনসমূহ, শিক্ষকদের প্রশিক্ষণের জন্য নির্ধারিত দিন (INSET) ও প্যারেন্টস ইভিনিং-এর মতো গুরুত্বপূর্ণ তারিখগুলি জানতে স্কুল ক্যালেন্ডার দেখুন।
- বিজ্ঞপ্তি: টেক্সট ম্যাসেজ, সোশ্যাল মিডিয়া (যেমন টুইটার) ও parentmail (প্যারেন্টমেইল) এর মতো অ্যাপ, যা স্কুল খাবার ও ট্রিপে যাওয়ার অর্থ পরিশোধের কাজে ব্যবহৃত হতে পারে।
- অনলাইন সিস্টেম (যেমন Go4Schools): বাড়ির কাজ, মূল্যায়ন এবং আচরণ সম্বন্ধে আপনি তথ্য পেতে পারেন।
- ইমেইল এবং চিঠি: আপনার ইমেইল ব্যবহারের সুযোগ না থাকলে স্কুলকে জানান।
- প্যারেন্ট'স ইভিনিং ও রিপোর্ট: এগুলোতে আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে আরো জানতে পারবেন।
- সভা ও ইনফরমেশন ইভিনিং: স্কুলগুলি গুরুত্বপূর্ণ তথ্য ভাগাভাগি করে নেওয়ার জন্য সভাকে ব্যবহার করবে। যেমন জিসিএসইতে কোন বিষয় পড়বে। প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য এটি একটি ভাল সুযোগ হতে পারে।
- সরাসরি যোগাযোগ: ফোন বা ইমেইলে আপনি স্কুলের সাথে যোগাযোগ করতে পারেন, অথবা উপযুক্ত ক্ষেত্রে টিচারের সাথে সভার আয়োজন করতে পারেন।


কপিরাইট © The Bell Educational Trust Limited (The Bell Foundation হিসেবে কার্যরত) 2020 অক্টোবর

## 5. স্কুল আমার কাছ থেকে কী আশা করবে?

পিতা বা মাতা হিসাবে আপনার কাছে আশা করা হবে:

- আপনার সন্তানকে প্রতিদিন ও সময়মতো স্কুলে পাঠাবেন, যদি না সে অসুস্থ থাকে, বা কোন অ্যাপয়েন্টমেন্ট থাকে বা কোন ধর্মীয় ছুটির দিন হয়। যদি পারেন স্কুলকে আগাম জানিয়ে রাখুন কেন আপনার সন্তান অনুপস্থিত রয়েছে।
- শুধুমাত্র স্কুল ছুটিকালীন সময়ে আপনার সন্তানকে নিয়ে ছুটি কাটাতে যাবেন। স্কুল চলাকালীন সময়ে আপনার সন্তানকে ছুটি কাটাতে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিলে আপনাকে জরিমানা দিতে হতে পারে। আরও জানতে স্কুলে কথা বলুন বা এই ওয়েবসাইট দেখুন: **https://www.gov.uk/school-attendance-absence**
- আপনার সন্তান বা পরিবারের কোনও গুরুত্বপূর্ণ ঘটনা বা পরিস্থিতি সম্পর্কে স্কুলকে জানাবেন। তারা আপনাকে সহায়তা করার জন্য যথাসাধ্য চেষ্টা করবে।
- চিকিৎসার ও যোগাযোগের বিশদ সম্পর্কিত তথ্যাদি সরবরাহ করুন। এসব তথ্যে কোনো পরিবর্তন হলে আপনার স্কুলকে জানানো গুরুত্বপূর্ণ।



- আপনার সন্তান স্কুল আয়োজিত ভ্রমণে যেতে পারবে, তার ছবি তোলা যাবে ইত্যাদি বিষয়ে সম্মতি জানিয়ে ফর্ম পূরণ করুন।
- স্কুলের নীতিমালা সমর্থন করুন, যেমন আচরণ ও ইন্টারনেটের যথাযথ ব্যবহার বিষয়ক নীতিমালা। স্কুলের ওয়েবসাইটে স্কুলের নীতিমালা সম্পর্কিত তথ্য পেতে পারেন। আপনাকে ও আপনার সন্তানকে পুরস্কার ও নিষেধাজ্ঞার বিষয়ে জানানো হবে। আপনার সন্তানের একটি স্কুল ইমেইল অ্যাকাউন্ট ও ইন্টারনেটে অ্যাক্সেস থাকবে যা তাদের অবশ্যই নিরাপদে ও যথাযথভাবে ব্যবহার করতে হবে।
- তাদের বাড়ির কাজে সহায়তা করুন। আপনার সন্তানের শিক্ষার জন্য কীভাবে সহায়তা করতে পারেন সে ব্যাপরে আরো ধারণার জন্য এখানে দেখুন.

## 6. স্কুলে বিশিষ্ট ব্যক্তিবর্গ কে কে?

স্টাফ সদস্যদের নাম ও ছবি দেখতে স্কুলের প্রসপেক্টাস বা স্কুল ওয়েবসাইট দেখুন; কখনও কখনও এগুলি স্কুলের প্রবেশদ্বারেও প্রদর্শিত হয়।

স্কুলকে জিজ্ঞাসা করুন কোন কোন স্টাফ আপনার সন্তানের সাথে কাজ করবেন। এদের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারেন:



- উর্দ্ধতন নেতৃবৃন্দ—যেমন প্রিন্সিপাল, ভাইস ও অ্যাসিস্টেন্ট প্রিন্সিপাল
- অফিস স্টাফ—যেমন স্কুলের রিসেপশনিস্ট
- টিচিং স্টাফ—যেমন ক্লাস টিচার ও টিচিং অ্যাসিস্টেন্ট
- প্যাস্টরাল স্টাফ—যেমন বছরের নেতৃবৃন্দ, ফর্ম টিউটর, লার্নিং মেন্টর
- বিশেষজ্ঞ স্টাফ – যেমন EAL শিক্ষক (অতিরিক্ত ভাষা হিসাবে ইংরেজি), SENDCo (শিক্ষা-সংক্রান্ত বিশেষ চাহিদা ও প্রতিবন্ধিতার সমন্বয়কারী), দায়িত্বপ্রাপ্ত সেফগার্ডিং লিড টিচার (DSL)

## 7. স্কুলে কী শেখানো হয় এবং পরীক্ষা নেওয়া হয়?

শিক্ষার্থীরা সাধারণত ইয়ার 11 এর মে ও জুন মাসে জাতীয় পর্যায়ের পরীক্ষা দিতে বসবে। বেশিরভাগ শিক্ষার্থী জিসিএসই (জেনারেল সার্টিফিকেট অব সেকেন্ডারি এডুকেশন) পরীক্ষায় অংশ নেবে।

আপনার সন্তান কোন ধাপ, পর্যায় ও বছর গ্রুপে থাকবে—এবং কোন কোন মূল্যায়ন/ যাচাই/ পরীক্ষা তাদের থাকবে তা জানতে দয়া করে নিচের টেবিলটি দেখুন:





| পর্যায় | ধাপ | বছর গ্রুপ | বয়স সীমা | মূল্যায়ন/ যাচাই /পরীক্ষা | পঠিত বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|
| সেকেন্ডারি | গুরুত্বপূর্ণ ধাপ 3 | ইয়ার 7<br>ইয়ার 8<br>ইয়ার 9 | 11-12<br>12-13<br>13-14 | ইয়ার 7 শুরু এবং নিয়মিতভাবে পুরোটা জুড়ে KS3: জ্ঞানভিত্তিক মূল্যায়ন পরীক্ষা (CATs)<br><br>চলমান অভ্যন্তরীন মূল্যায়ন | ইংলিশ, গণিত, বিজ্ঞান, নকশা ও প্রযুক্তি, ইতিহাস, ভূগোল ধর্মীয় শিক্ষা (RS), কলা, নকশা ও প্রযুক্তি (DT), সঙ্গীত, নাটক, শারীরিক শিক্ষা, কম্পিউটিং, সিটিজেনশিপ, ভাষা |
| | গুরুত্বপূর্ণ ধাপ 4 | ইয়ার 10<br>ইয়ার 11 | 14-15<br>15-16 | চলমান অভ্যন্তরীন মূল্যায়ন<br><br>ইয়ার 11 এর মে/জুন: জিসিএসই (জেনারেল সার্টিফিকেটঅব সেকেন্ডারি এডুকেশন) ও সমমানের পরীক্ষাসমূহ | মূল বিষয়সমূহ: ইংলিশ, গণিত, বিজ্ঞান<br><br>ঐচ্ছিক বিষয় ভিন্ন হতে পারে বিভিন্ন স্কুলে এতে অন্তর্ভুক্ত ভূগোল, ইতিহাস, RS, কম্পিউটার বিজ্ঞান, PE, ব্যবসায় শিক্ষা, শিশু পরিচর্যা, DT, সৃজনশীল মিডিয়া। আপনার স্কুলকে বলুন পূর্ণ তালিকা দেওয়ার জন্য |

বিস্তারিত জানতে দেখুন: **https://www.gov.uk/national-curriculum**

### আমার সন্তান কি প্রতিটি বিষয়ে পরীক্ষা দিবে?

সাধারণত শিক্ষার্থীরা ইয়ার 11-এর শেষের দিকে জাতীয় পরীক্ষায় (জিসিএসই) অংশ নেয়। তারা প্রতিটি বিষয়ে পরীক্ষায় বসবে না। মূল বিষয়গুলি হলো: ইংরেজি, গণিত ও বিজ্ঞান। প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই এই বিষয়গুলি অধ্যয়ন করতে হবে। এছাড়াও, শিক্ষার্থীরা সাধারণত আরও পাঁচটি বিষয়ে পরীক্ষা দেয়।

ধাপ 3 (ইয়ার 8 বা ইয়ার 9)-এর শেষে স্কুল আপনার সন্তানকে চূড়ান্ত পরীক্ষার জন্য পড়াশোনা চালিয়ে যেতে অন্যান্য বিষয়গুলি নির্বাচন করতে সাহায্য করবে। এর মধ্যে জিসিএসই বিষয় থাকতে পারে (যেমন ভূগোল বা নকশা ও প্রযুক্তি) বা BTEC (ব্যবসায় ও প্রযুক্তি শিক্ষা কাউন্সিল) বিষয়গুলি (যেমন: ব্যবসায়িক পড়াশোনা ও ক্রীড়া)।


কাপিরাইট © The Bell Educational Trust Limited (The Bell Foundation হিসেবে কার্যরত) 2020 অক্টোবর

কিছু কিছু স্কুল শিক্ষার্থীদের প্রথম ভাষাতে একটি জিসিএসই পরীক্ষার ব্যবস্থাও করে, যদিও প্রত্যেক শিক্ষার্থীর প্রথম ভাষার জন্য সুযোগ থাকে না। যেসব ভাষায় জিসিএসই রয়েছে তার মধ্যে আরবি, চিনা, উর্দু গুজরাটি ও ইতালীয় ভাষা অন্যতম। আপনি যদি চান আপনার সন্তান এমন কিছু করুক তবে স্কুলের সাথে কথা বলুন।

আপনার সন্তানের আগ্রহ ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে তাদের সাথে কথা বলুন। তাদের আগ্রহ আছে এমন বিষয়গুলি বেছে নেওয়া গুরুত্বপূর্ণ এবং এতে ভবিষ্যতে তাদের উপকার হবে। আপনার সন্তানের জন্য কী কী বিকল্প রয়েছে এবং কীরূপ সহায়তা পাওয়া যাবে সে ব্যাপারে স্কুলের সাথে কথা বলুন।

## ৪. আমার সন্তানের কী কী প্রয়োজন হবে?



- স্কুলের পরিপূর্ণ ইউনিফর্ম: ইংল্যান্ডের বেশিরভাগ সেকেন্ডারি স্কুল আশা করে শিক্ষার্থীরা স্কুলের একটি ইউনিফর্ম পরবে। আপনার সন্তানের স্কুল কী কী পরতে হবে তার একটি তালিকা দেবে এবং কোথায় আপনি এগুলো কিনতে পারবেন তা জানাবে। আপনার কাছে পর্যাপ্ত অর্থ না থাকলে খরচ বাবদ স্কুল সাহায্য করতে পারে কিনা জিজ্ঞাসা করুন।
- একটি প্ল্যানার। নিজেকে সুশৃঙ্খল রাখতে সহায়তার জন্য বেশিরভাগ স্কুল শিক্ষার্থীদেরকে প্রতিবছর একটি বই সরবরাহ করে।
- একটি ব্যাগ, কলমসহ একটি পেনসিল রাখার বাক্স ইত্যাদি
- একটি ক্যালকুলেটর ও অন্যান্য গণিত সরঞ্জাম
- প্রয়োজনে সম্পূর্ণ পিই (শারীরিক শিক্ষা) কিট। স্কুল আপনাকে জানাবে কী কী প্রয়োজন হবে, কেননা এতে স্কুলের লোগোযুক্ত স্পোর্টসের জামাকাপড় অন্তর্ভুক্ত থাকতে পারে।
- দুপুরের খাবার বা খাবার কেনার অর্থ। অনেক স্কুলে কন্টাক্টলেস পেমেন্ট ব্যবস্থা রয়েছে; অফিসের কর্মীরা এটার বন্দোবস্ত করতে সক্ষম হবেন। কিছু ছেলেমেয়ে বিনামূল্যে স্কুলের খাবার (*FSM*) পেতে পারে, যদি তাদের পরিবার নির্দিষ্ট কয়েক ধরণের বেনিফিট পেয়ে থাকে; আরও তথ্য আপনি স্কুল থেকে বা এখানে পাবেন: **https://www.gov.uk/apply-free-school-meals**



- আপনার সন্তান যদি বাস, ট্রাম বা ট্রেনে করে স্কুলে যাতায়াত করে তবে ট্র্যাভেল পাস বা যাথায়াত খরচের অর্থ। যেসব শিক্ষার্থী স্কুল থেকে দুই মাইলের বেশি দূরত্বে বাস করে তারা বিনামূল্যে একটি বাস পাস পেতে পারে। আপনি বিনামূল্যে বাস পাস পাওয়ার যোগ্য কিনা দেখতে পারেন এখানে: **https://www.gov.uk/help-home-school-transport**. চলাফেরা করতে সমস্যা বা শিক্ষা-সংক্রান্ত বিশেষ চাহিদা থাকায় কিছু শিক্ষার্থী হেঁটে স্কুলে যেতে পারে না, তাদেরকে বিনামূল্যে স্কুলে পরিবহণের ব্যবস্থা করা হবে, আর সেটা প্রায়শই ট্যাক্সিতে করে। আরও তথ্যের জন্য দেখুন **https://www.gov.uk/apply-school-transport-for-child-with-special-educational-needs-sen**
- মোবাইল ফোনের ব্যাপারে স্কুলের নীতিমালা জেনে নিন। কোন কোন স্কুল মোবাইল ফোন অনুমোদন করেনা এবং শিক্ষার্থীরা স্কুলে মোবাইল ফোন ব্যবহার করলে সেটা বাজেয়াপ্ত করতে পারে।

## 9. যেসব শিক্ষার্থীর বাড়তি সহায়তা প্রয়োজন তাদের জন্য কী ব্যবস্থা রয়েছে?

- যাজকীয় সহায়তা: সকল স্কুলে এমন একদল লোক রয়েছেন যারা শিক্ষার্থীদের কোনও সমস্যা থাকলে, যেমন বন্ধুত্ব, মানসিক স্বাস্থ্যসমস্যা বা উদ্বেগ, সেক্ষেত্রে তাদেরকে সাহায্য করেন। আপনার সন্তানের কোনও সমস্যা বা উদ্বেগ থাকলে ফর্ম টিউটর বা ইয়ার লিডারকে বলুন।
- সকল স্কুলে একজন মনোনীত সেফগার্ডিং (সুরক্ষা) লিড রয়েছেন যিনি স্কুলে বা স্কুলের বাইরে আপনার সন্তানের নিরাপত্তা বিষয়ে কোন গুরুতর উদ্বেগ থাকলে তাদেরকে সহায়তা দেন।
- ইংলিশ ভাষার জন্য সহায়তা: বেশিরভাগ স্কুল ইংলিশ ভাষার বিকাশের ক্ষেত্রে প্রয়োজনমাফিক সহায়তা প্রদান করবে। এটি সাধারণত অন্যান্য শিক্ষার্থীদের সাথে ক্লাসরুমে প্রদান করা হবে।
- শেখার সহায়তা: সকল স্কুল প্রয়োজনমাফিক শেখার জন্য বাড়তি সহায়তা প্রদান করবে। আপনি যদি মনে করেন আপনার সন্তানের শেখার জন্য সহায়তার দরকার আছে তবে স্কুলকে বলুন। SENDCo (বিশেষ শিক্ষাগত চাহিদা ও প্রতিবন্ধিতা সমন্বয়ক) আপনার সন্তানের সাথে কথা বলে তাদের চাহিদাগুলি মূল্যায়ন করবেন এবং সর্বোত্তম সহায়তা প্রদান করবেন। তারা আপনাকে জানাবেন আপনার শিশুর কোনও চাহিদা আছে কিনা এবং স্কুল কীভাবে আপনার শিশুকে সহায়তা করতে পারে সে সম্পর্কে কথা বলতে আপনাকে স্কুলে আসতে বলা হতে পারে। পিতামাতা ও কেয়ারারদের জন্য একটি সহায়ক গাইড এখানে আছে: **https://www.gov.uk/government/publications/send-guide-for-parents-and-carers**
- বাইরের সংস্থাসমূহ: বাড়তি সহায়তার প্রয়োজন এমন শিক্ষার্থীকে সহায়তা করার জন্য স্কুলগুলি অন্যান্য পেশাদার যেমন ডাক্তার, শরণার্থী সংস্থা এবং শিক্ষা বিশেষজ্ঞদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে। স্কুল আপনার সন্তানের প্রয়োজনীয় কোনও বাড়তি সহায়তা সম্পর্কে আপনাকে জানাবে।
- পিউপিল প্রিমিয়াম: সকল স্কুল অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের সহায়তা করার জন্য অতিরিক্ত তহবিল পায়। শিক্ষার্থীরা যাতে স্কুলে ভাল করতে পারে এবং স্কুল জীবনে পুরোপুরিভাবে সংশ্লিষ্ট হতে সহায়তা করা যায় সেজন্য এই অর্থ ব্যবহৃত হয়।
- আর্থিক সহায়তা: স্কুলগুলি কিছু খরচের ব্যাপারে সহায়তা করতে পারে, যেমন স্কুল ইউনিফর্ম, স্কুল ট্রিপ, সরঞ্জাম ইত্যাদি। এসব ব্যয়ের জন্য আপনার সহায়তার দরকার হলে স্কুলকে বলুন।
- ক্যারিয়ার বিষয়ে পরামর্শ ও অধিকতর শিক্ষা: সকল স্কুলে একজন ক্যারিয়ার পরামর্শদাতা থাকেন যিনি আপনার সন্তানকে স্কুল ছাড়ার পরে তারা কী করতে চায় সে সম্পর্কে চিন্তাভাবনা শুরু করতে সাহায্য করবেন। তারা আপনার সন্তানকে যেসব সহায়তা করবেন:
  - জিসিএসইতে কোন বিষয় পড়তে হবে নির্বাচন করা। বিকল্পগুলি ইয়ার ৪ বা ৭ এর শেষে নির্বাচন করা হয়।
  - কাজের অভিজ্ঞতার জন্য উপযুক্ত স্থান খোঁজা। সকল স্কুল কাজের অভিজ্ঞতা নেওয়ার সুযোগ দেয় না। আরও তথ্যের জন্য আপনার স্কুলকে বলুন।
  - ইয়ার 11 শেষে কলেজ ও বিভিন্ন কোর্সের ব্যাপারে খোঁজ করুন আশা করা হয় তরুণরা 18 বছর বয়স পর্যন্ত পড়াশোনা বা প্রশিক্ষণে যুক্ত থাকবে। আপনি এখানে আরও তথ্য পাবেন: **https://www.gov.uk/browse/education/find-course**

## 10. আমি কীভাবে আমার সন্তানকে শিখতে সাহায্য করতে পারি?

আপনার সন্তানকে কী কী ভাবে শিখতে সহায়তা করা যায় তার বেশ কিছু ধারণা দেওয়া হয়েছে **এই লিফলেটে।**


কপিরাইট © The Bell Educational Trust Limited (The Bell Foundation হিসেবে কার্যরত) 2020 অক্টোবর